

# 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৪১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৭৩]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কেউ যদি নকশী করা কাপড়ে নামায পড়ে?

بَابِ إِذَا صَلَّى فِي ثَوْبٍ لَهُ أَعْلَامٌ

### আরবী

الله عَنْ عَائِشَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى فِي خَمِيصَةٍ لَهَا أَعْلَامٌ فَنَظَرَ إِلَى أَيْهِ وَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى فِي خَمِيصَةٍ لَهَا أَعْلَامٌ فَنَظَرَ إِلَى أَبِي جَهْمٍ وَأَتُونِي بِأَنْبِجَانِيَّةٍ أَعْلَامِهَا نَظْرَةً فَلَمَّا انْصَرَفَ قَالَ اذْهَبُوا بِخَمِيصَتِي هَذِهِ إِلَى أَبِي جَهْمٍ وَأَتُونِي بِأَنْبِجَانِيَّةٍ أَعْلَامُ فَا اللهَ تَنِي آنِفًا عَنْ صَلَاتِي

#### বাংলা

২৪১) আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটি নকশা বিশিষ্ট কাপড় পরিধান করে নামায পড়লেন। নামাযরত অবস্থায় একবার নকশার প্রতি তাঁর দৃষ্টি পড়ল। নামায শেষে তিনি বললেনঃ আমার এই চাদরটি আবু জাহমের কাছে নিয়ে যাও এবং আমার জন্য আবু জাহমের আনবাজানী নিয়ে আস। কারণ নকশাযুক্ত চাদরটি আমাকে এই মাত্র নামায় থেকে অমনোযোগী করেছিল।

টিকাঃ নকশা বিহীন এক প্রকার মোটা চাদরকে তৎকালে আনবাজানী বলা হত। হাদীছ থেকে এও জানা গেল, যেসমস্ত জিনিষ নামায়ে একনিষ্ঠতা নষ্ট করতে পারে নামায়ী ঐ সমস্ত জিনিষ পরিত্যাগ করে চলবে।

## **English**

If a person offered Salat (prayer) in a dress with marks and looked at those marks during the Salat

#### Narrated `Aisha:

the Prophet (ﷺ) prayed in a Khamisa (a square garment) having marks. During the prayer, he looked at its marks. So when he finished the prayer he said, "Take this Khamisa of mine to Abu Jahm and get me his Inbijaniya (a woolen garment without marks) as it (the Khamisa) has diverted my attention from the prayer."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন